

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-২(২৮)শুল্ক, রপ্তানি ও বন্ড/২০০৬(অংশ-১)/৫১৬(২০)

তারিখ ১০.০৯.২০০৭

আদেশ

বিষয়: শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যন্ত্রপাতির বিপরীতে দাখিলকৃত ইনডেমনিটি বন্ড অবমুক্তকরণ বিষয়ে।

শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যন্ত্রপাতি শুল্কমুক্ত সুবিধায় ছাড়করণের জন্য এতদসংক্রান্ত প্রজ্ঞাপনের শর্ত অনুযায়ী আমদানি পর্যায়ে শুল্ক স্টেশনে দাখিলকৃত ইনডেমনিটি বন্ড অবমুক্তকরণের পূর্বশর্ত হিসেবে বন্ড কমিশনারেট/সংশ্লিষ্ট কমিশনারেট হতে প্রত্যয়নপত্র জারীর ক্ষেত্রে সাম্প্রতিককালে একটি জটিলতা সৃষ্টি হওয়ায় প্রত্যয়নপত্র জারী বন্ধ রাখা হয়েছে। ফলশ্রুতিতে শুল্ক আইনের বিধানবলে আমদানি শুল্ক স্টেশন হতে নিষেধাজ্ঞা বলবৎ করায় ঐ সব প্রতিষ্ঠানের বর্তমানে আমদানি করার চালান খালাসেও জটিলতার সৃষ্টি হয়েছে।

০২। বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পর্যালোচনা করা হয়েছে। এ ছাড়া মাঠ পর্যায়ে হতে মতামত গ্রহণসহ সংশ্লিষ্ট প্রজ্ঞাপনের সুবিধাভোগী শতভাগ রপ্তানিকারক প্রতিষ্ঠানের সাথে এ বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে।

০৩। শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত মেশিনারীজসহ ইনডেমনিটি বন্ডের বিপরীতে ছাড়করণ সংক্রান্ত পূর্ববর্তী সকল প্রজ্ঞাপনসমূহ পর্যালোচনায় এবং ইনডেমনিটি বন্ড অবমুক্তকরণ সংক্রান্ত বিদ্যমান জটিলতা নিরসনে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ আদেশ প্রদান করেছে:

(ক) বর্তমানে বলবৎ প্রজ্ঞাপন নং-১৩৮-আইন/২০০৭/২১৩৭/শুল্ক, তারিখ ১৭.০৭.২০০৭ জারী হওয়ার পূর্ববর্তী সকল প্রজ্ঞাপনের অধীনে যে সমস্ত যন্ত্রপাতি/যন্ত্রাংশ আমদানি ও ইনডেমনিটি বন্ডের বিপরীতে খালাস হয়েছে কিন্তু খালাস পরবর্তী ২(দুই) বছর সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও ইনডেমনিটি বন্ড অবমুক্ত করা হয়নি, সেগুলোর ক্ষেত্রে রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিল/প্রমাণাদি দাখিল ও প্রযোজ্য শর্তাদি পূরণপূর্বক প্রত্যয়নপত্র গ্রহণ করত: ৩১ শে ডিসেম্বর ২০০৭ এর মধ্যে ইনডেমনিটি বন্ড অবমুক্ত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে আমদানিকৃত মেশিনারীর বিপরীতে প্রযোজ্য শুল্ক করাদি আদায় করতে হবে;

(খ) উপরোল্লিখিত প্রজ্ঞাপন নং-১৩৮-আইন/২০০৭/২১৩৭/শুক্র, তারিখ ২৭.০৭.২০০৭ এর পূর্ববর্তী সকল প্রজ্ঞাপনসমূহের অধিনে যে সমস্ত যন্ত্রপাতি/যন্ত্রাংশ আমদানি ও খালাস হয়েছে এবং খালাস পরবর্তী ০২(দুই) বছর সময় অতিক্রান্ত হয়নি, সে সকল ক্ষেত্রে ০২(দুই) বছর অতিক্রান্ত হওয়ার তারিখ হতে পরবর্তী ০৪(চার) মাসের মধ্যে রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি দাখিল এবং প্রযোজ্য শর্তাদি পূরণ করে প্রত্যয়নপত্র সংগ্রহ করত: সংশ্লিষ্ট আমদানিকারকগণকে ইনডেমনিটি বন্ড অবমুক্ত করতে হবে।

নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে আমদানিকৃত মেশিনারীজ এর বিপরীতে প্রযোজ্য শুক্র কর আদায় করতে হবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

( মোহাম্মদ মাহমুদুল হাসান )  
দ্বিতীয় সচিব (শুক্র: রপ্তানি ও বন্ড)